গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-**১১**

**চাঁপাইনবাবগঞ্জ জেলা পরিবার পরিকল্পনা দপ্তরের বিশেষ প্রচার-প্রচারণা ও সেবা কার্যক্রম অনুষ্ঠিত**

রাজশাহী, ২৯ আষাঢ় (১৩ জুলাই):

তিন দিনব্যাপী বিশেষ প্রচার-প্রচারণা ও সেবা প্রদান কর্মসূচি বাস্তবায়ন করেছে চাঁপাইনবাবগঞ্জ জেলা পরিবার পরিকল্পনা দপ্তর। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কেন্দ্রীয় সিদ্ধান্তের আলোকে বিশ্ব জনসংখ্যা দিবস-২০২৫ উদযাপনের অংশ হিসেবে এ কর্মসূচি বাস্তবায়ন করা হয়। আজ রবিবার (১৩ জুলাই) কালেক্টরেট গ্রিন ভিউ উচ্চ বিদ্যালয়ে কুইজ প্রতিযোগিতা ও আলোচনা সভার মধ্য দিয়ে এ কর্মসূচির সমাপ্তি ঘটে। এ অনুষ্ঠানে জেলা পরিবার পরিকল্পনা দপ্তরের উপপরিচালক শুকলাল বৈদ্যসহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এর আগে গত **১১** জুলাই তারিখে মা ও শিশু কল্যাণ কেন্দ্রে শিক্ষার্থীদের অংশগ্রহণে কৈশোরকালীন প্রজনন স্বাস্থ্য বিষয়ক আলোচনা সভা  অনুষ্ঠিত হয়। আর **১২** জুলাই একই স্থানে পরিবার পরিকল্পনা দপ্তরের সেবা গ্রহীতাদের অংশগ্রহণে ছিল পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক আলোচনা সভা।

উল্লেখ্য যে, বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষে জেলা পরিবার পরিকল্পনা দপ্তরের আয়োজনে আগামীকাল জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

.....................................................................
স্মিতা/তৌহিদ/আতিক/রুহুল/হালিম/২০২৫/১৭:০০ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd